৭।

তারিখ ..2 1 MAY 1993 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

আজকের কাগজ

# প্রধানমন্ত্রীর সঙ্গে ঢা. বি. ছাত্রনেতাদের সাক্ষাৎ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতারা গতকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে দেখা করেছেন এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের বিভিন্ন সমস্যা নিয়ে তাঁর সঙ্গে আলোচনা করেছেন। দু'ঘন্টারও বেশি সময় ধরে বিশ্ববিদ্যালয়ের বাসের স্বল্পতা, ছাত্রদের সুযোগ সুবিধা ও ডাইনিং হলের সাবসিডির অপ্রতুলতা, বেকারত্ব, ক্যাম্পাসে সন্ত্রাস এবং বহিরাগতদের আবাসিক হলে অবৈধভাবে অবস্থান ও তাদের নিয়ন্ত্রণ প্রভৃতি বিষয়ে আলোচনা হয়।

ছাত্রনেতারা বহিরাগত অস্ত্রধারীদের হাত থেকে ক্যাম্পাসকে মুক্ত করে বিশ্ববিদ্যালয়ে পড়াশুনার সুষ্ঠু পরিবেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। প্রধানমন্ত্রীর সঙ্গে খোলামেলা আলোচনায় ছাত্রনেতারা বিশ্ববিদ্যালয়ের বর্তমান শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা এবং ঐক্যবদ্ধভাবে ক্যাম্পাস থেকে বিশৃংখলা সৃষ্টিকারীদের প্রতিহত করার ব্যাপারেও মত বিনিময় করেন।

আলোচনা কালে ছাত্রনেতারা বিশ্ববিদ্যালয়ের জন্যে আরো অতিরিক্ত বাস, নতুন হল বিশেষ করে নতুন ছাত্রী হল নির্মাণ, ডাইনিং হলের সাবসিডি বৃদ্ধি, ছাত্রদের জন্যে খন্ডকালীন চাকরির ব্যবস্থা এবং স্বৈরাচার বিরোধী আন্দোলনে শহীদ ছাত্রদের তালিকা তৈরির জন্যে প্রধানমন্ত্রীর প্রতি আহবান জানান। প্রধানমন্ত্রী ছাত্রনেতাদের বক্তব্য মনোযোগ দিয়ে শোনেন এবং তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের জন্যে নতুন হল নির্মাণ, পর্যায়ক্রমে আরো বাস প্রদান এবং ডাইনিং হলের সাবসিডি বৃদ্ধির বিষয়ে আশ্বাস দেন। ছাত্র প্রতিনিধি দলে বাংলাদেশ ছাত্রলীগ (ম-ই) ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র সংগঠনের নেতারা ছিলেন। খবর বাসস।